গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd

### সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের জানুয়ারি ২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ২৮ জানুয়ারি ২০২০ |
| সময় | : | বেলা ১১.৩০ মিনিট |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। তিনি জানান যে, দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে ফলাবর্তক (feedback) প্রদানের বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত উদ্দেশ্যের আওতায় দপ্তর/সংস্থাসমূহ থেকে ইতোমধ্যে প্রাপ্ত ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনসমূহ পর্যালোচনা করা হয়েছে। তিনি জনাব জাহিদুল ইসলাম, উপসচিব, (অগ্নি শাখা-১)-কে পর্যালোচনায় প্রাপ্ত ফলাফল আলোচনা করার জন্য অনুরোধ জানান। পর্যালোচনায় প্রাপ্ত ফলাফলের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

১৫/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা :

(ক) সুরক্ষা সেবা বিভাগ :
সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহের বেশ চ্যালেঞ্জ রয়েছে বলে সভাকে জানানো হয়। বিশেষ করে প্যারালিগ্যাল সার্ভিস কার্যক্রম মূল্যায়ন, প্রিজন লিংক প্রকল্পের কার্যক্রমের মূল্যায়ন, মাদকবিরোধী চেকপোস্টের কার্যক্রমের মূল্যায়ন ইত্যাদির মধ্যে বেশ চ্যালেঞ্জ রয়েছে। তাছাড়া, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, জিআরএস বাস্তবায়ন ইত্যাদি আরো নিবিড়ভাবে বাস্তবায়নের উদ্যোগ নেয়া প্রয়োজন বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যের আওতায় ১৯টি কর্মসম্পাদন সূচক অন্তর্ভুক্ত করা হয়েছে। অধিকাংশ সূচকের মূল লক্ষ্যমাত্রার অর্ধেকের বেশী ইতোমধ্যে অর্জিত হয়েছে। ১.৪.১ নং সূচকের কিয়স্ক বিতরণের সংখ্যা ইতোমধ্যে লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে। ১.৩.১ নং সূচকের টিভি ফিলার নির্মাণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৪.১.২ নং সূচকে ২০০ শয্যা বিশিষ্ট নিরাময় কেন্দ্র নির্মাণ এবং ৪.১.৩ নং সূচকে প্রশিক্ষণ একাডেমি নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি ৩০/৪/২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্ধারিত আছে। সূচক ১.১.১ এবং ১.১.৩ এর ক্ষেত্রে প্রমাণক হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা এবং প্রতিষ্ঠান প্রধানের নাম ও মোবাইল নম্বর প্রদান করতে হবে।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অর্জনের ক্ষেত্রে বিভাগীয় মামলা ১০০% নিষ্পত্তিকৃত এবং নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০% অভিযোগ নিষ্পত্তিকৃত সংক্রান্ত মূল্যায়ন প্রতিবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট রেজিস্টার, নথিপত্রের সত্যায়িত অনুলিপি উপস্থাপন করার জন্য এবং সূচক ৩.২.১ এবং ৩.৩.২ সহ অন্যান্য সকল সূচকসমূহের প্রমাণক অতিদ্রুত প্রেরণের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো।

(গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যের মধ্যে মোট ২৫টি কর্মসম্পাদন সূচক রাখা হয়েছে। এ সব সূচকের বিপরীতে অর্ধবার্ষিক অর্জন সন্তোষজনক। তবে, ৪.২.২ নং সূচকে কমিউনিটি ভলান্টিয়ারদের সতেজকরণ প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ১০০০ জন। ১ম কোয়ার্টারের অর্জন ১০০ জন। ২য় কোয়ার্টারে কোন অর্জন নেই। অর্থাৎ ১০০০ জনের বিপরীতে ছয়মাসে মাত্র ১০০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে, অর্জনের হার ১০%। এর কারণ ব্যাখ্যা করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। ৫.৪.১ নং সূচকে সম্পন্নকৃত সাফার প্রজেক্ট এর লক্ষ্যমাত্রা ৩০% এর স্থলে ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ১২% এবং ৫.৫.১. নং সূচকের সম্প্রসারিত ডুবুরি ইউনিট এর লক্ষ্যমাত্রা ৪০% এর স্থলে ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ১২%। ৬.৩.১ নং সূচকে ডে-কেয়ার সেন্টার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ০৪টি। ১ম কোয়ার্টারে ০১টি সেন্টার স্থাপন করা হয়। কিন্তু ২য় কোয়ার্টারে এ সংক্রান্ত কোন অর্জন নেই। অর্থাৎ

ছয়মাসে অর্জনের হার ২৫%। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের আরো আন্তরিক হওয়া প্রয়োজন।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অর্জনের ক্ষেত্রে ১ম কোয়ার্টারের অর্জন পৃথক করে উল্লেখ করা হয়নি। নির্দিষ্ট সময়ের মধ্যে ১০০% অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। এছাড়াও অধিকাংশ সূচকে লক্ষ্যমাত্রা সম্পূর্ণ অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। অর্জিত সকল সূচকের স্বপক্ষে প্রমাণক দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো।

(ঘ) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যের মধ্যে মোট ২৫টি কর্মসম্পাদন সূচক রাখা হয়েছে। এ সব সূচকের বিপরীতে অর্ধবার্ষিক অর্জন মোটামুটি সন্তোষজনক। ১.৩.১ নং সূচকে ডাক বিভাগের নিকট হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ২৭,৬০,০০০ টি কিন্তু ছয়মাসে অর্জিত হয়েছে ১২,৪১,৩৮৪ টি। যা লক্ষ্যমাত্রার ৪৫%। ৩.৫.১ নং সূচকে স্থাপিত ডে-কেয়ার সেন্টার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ২টি। ১ম ছয়মাসে এ সংক্রান্ত কোন অর্জন উল্লেখ করা হয়নি। ৩.৬.১ নং সূচকে পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনা আধুনিকায়নের লক্ষ্যে হেল্পলাইন চালু করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ৩০ সেপ্টেম্বর ২০১৯। যা এখনো অর্জিত হয়নি।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে ১.৪.১ নং সূচকে ন্যূনতম ১টি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারির লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ২৫ অক্টোবর ২০১৯। যা এখনো অর্জিত হয়নি। ২.১.১ সূচকে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল ৬০ জনঘন্টা। ১ম ছয়মাসে অর্জিত হয়েছে ২১.০২ জনঘন্টা। ২.৩.২ নং সূচকে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের লক্ষ্যমাত্রা ছিল ১২টি। কিন্তু গত ছয়মাসে এবিষয়ে একটি প্রতিবেদনও দাখিল করা হয় নাই। ২.৪.২ সূচকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের লক্ষ্যমাত্রা ছিল ০৪টি। কিন্তু গত ২ কোয়ার্টারে একটি প্রতিবেদনও দাখিল করা হয় নাই। ২.৪.৩ নং সূচকে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুর লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ৩১ ডিসেম্বর ২০১৯। কিন্তু প্রদত্ত প্রতিবেদনে দেখা যায় যে, সেবাটি এখনো চালু করা হয়নি। ৩.১.২ নং সূচকে প্রতি কোয়ার্টারে ১টি করে ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। কিন্তু প্রদত্ত প্রতিবেদনে দেখা যায় গত ২ কোয়ার্টারে একটি মাত্র প্রতিবেদন দাখিল করা হয়েছে। ৩.৫.১ নং সূচকে বিগত ছয়মাসে বিসিসি/বিটিসিএল এর ইন্টারনেট বিল বাবদ কোন টাকা পরিশোধ করা হয়নি। উপরে বর্ণিত সূচকসমূহ অর্জিত না হওয়ার কারণ ব্যাখ্যা করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। এ ছাড়াও অর্জিত সকল সূচকের স্বপক্ষে প্রমাণক দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। সে সাথে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

(ঙ) কারা অধিদপ্তর :

কারা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যের মধ্যে মোট ১২টি কর্মসম্পাদন সূচক রাখা হয়েছে। এ সব সূচকের বিপরীতে অর্ধবার্ষিক অর্জন সন্তোষজনক। ১.৪.১ নং সূচকে বাস্তবায়িত প্রিজন লিংক প্রকল্প এবং ৪.১.১ নং সূচকে বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমির ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে কার্যক্রম চলমান রয়েছে বলে উল্লেখ করা হয়েছে। যা কাজের প্রকৃত অবস্থা নির্দেশ করে না। উপরোক্ত সূচক ২টি বাস্তবায়নে এ পর্যন্ত কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা ব্যাখ্যা করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো। সূচক ১.৩.১ এ কারা বন্দিদের উৎপাদিত পণ্যের লভ্যাংশ প্রদানের তালিকায় প্রমাণক হিসেবে কারাগারের নাম, সংখ্যা এবং নমুনা হিসেবে কাশিমপুর ও কেরাণীগঞ্জ কারাগারের বন্দিদের তালিকা প্রদান করতে হবে।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে ২.১.২ নং সূচকে প্রতি কোয়ার্টারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিবেদন অনলাইনে দাখিলের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। কিন্তু প্রদত্ত প্রতিবেদনে দেখা যায় গত ২ কোয়ার্টারে অনলাইনে কোন প্রতিবেদন দাখিল করা হয় নাই। এ ছাড়াও অধিকাংশ সূচকে দেখা যায় যে, লক্ষ্যমাত্রা সম্পূর্ণ অর্জিত হয়েছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। অর্জিত সকল সূচকের স্বপক্ষে প্রমাণক দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো। সে সাথে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

০৪। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)
২৮/০১/২০২০
প্রদীপ রঞ্জন চক্রবর্তী
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ০৮/০৭

তারিখ : ১৪ মাঘ ১৪২৬
২৮ জানুয়ারি ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব ........................................................ উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।

২৮/১/২০২০
(জাহিদুল ইসলাম)
উপসচিব (অগ্নি শাখা-১)